

[বাংলাদেশ গেজেটে পরিবর্তী বিশেষ সংখ্যায় প্রকাশিতব্য]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

সেগুনবাগিচা, ঢাকা।



[মূল্য সংযোজন কর]

বিশেষ আদেশ

বিশেষ আদেশ নং-০১/মুসক/২০২৩

তারিখঃ ২৬ পৌষ ১৪২৯বঙ্গাব্দ/১০ জানুয়ারি, ২০২৩ খ্রিষ্টাব্দ।

বিষয়ঃ ইসলামিক ডেভেলপমেন্ট ব্যাংক (IsDB) এর ঢাকাস্থ রিজিওনাল হাব অফিস কর্তৃক স্থানীয় পর্যায়ে পণ্য বা সেবা সরবরাহ গ্রহণের ক্ষেত্রে আরোপনীয় সমুদয় মূল্য সংযোজন কর হইতে অব্যাহতি প্রদান।

যেহেতু, ইসলামিক ডেভেলপমেন্ট ব্যাংক (IsDB) ও বাংলাদেশ সরকারের মধ্যে ২৬ নভেম্বর, ২০১৫ খ্রি: তারিখে “The Establishment of the country Gateway office of the Islamic Development Bank Group in Bangladesh” শীর্ষক চুক্তি স্বাক্ষরিত হইয়াছে; এবং

যেহেতু, উক্ত চুক্তির Article-VIII এ আইডিবি’র ঢাকাস্থ রিজিওনাল হাব অফিস কর্তৃক স্থানীয় পর্যায়ে পণ্য বা সেবা সরবরাহ গ্রহণের ক্ষেত্রে আরোপনীয় সমুদয় মূল্য সংযোজন কর হইতে অব্যাহতির বিষয়টি উল্লেখ রহিয়াছে;

সেহেতু, জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এ উপ-ধারা (২) এ প্রদত্ত ক্ষমতাবলে, উক্ত চুক্তির সকল শর্তাবলী পরিপালন সাপেক্ষে Islamic Development Bank (IsDB), Regional Hub office, Dhaka, Bangladesh কর্তৃক স্থানীয় পর্যায়ে পণ্য বা সেবা সরবরাহ গ্রহণের ক্ষেত্রে আরোপনীয় সমুদয় মূল্য সংযোজন কর হইতে অব্যাহতি প্রদান করিল।

০২। এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

শ্রী—

(মোহাম্মদ হাসমত আলী)

প্রথম সচিব (মুসক-নীতি)

প্রাপকঃ

উপ-নিয়ন্ত্রক

বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও

ঢাকা। (তাঁহাকে উল্লিখিত আদেশ এর ১০০ (একশত) গেজেট কপি মুদ্রণ ও মুদ্রিত কপি সরাসরি জাতীয় রাজস্ব বোর্ডে সরবরাহের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল।)

নথি নং: ০৮.০১.০০০০.০৬৯.০৬.০১৪.১৭/০৮ (৬৮)

তারিখ: ১০/০১/২০২৩ খ্রিস্টাব্দ।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

- ১-৪। সদস্য (কাস্টমস নীতি)/(মুসক নীতি)/(মুসক বাস্তবায়ন ও আইটি)/(মুসক নিরীক্ষা ও গোয়েন্দা), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
- ৫-১৬। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা দক্ষিণ/উত্তর/পশ্চিম/পূর্ব/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/কুমিল্লা/রংপুর/ঘৰ্য্যা/বৃহৎ করদাতা ইউনিট, মুসক ঢাকা।
- ১৭। মহাপরিচালক, নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর-মূল্য সংযোজন কর, ঢাকা।
- ১৮। মাননীয় অর্থমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৯। সিস্টেমস ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েব সাইটে আপলোডকরণের অনুরোধসহ)।
- ২০। একান্ত সচিব, চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা [চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য]।
- ২১। Regional Manager (Resident Country Head) IsDB Regional Hub of Dhaka, Bangladesh.

Rashed

[কাজী রেজাউল হাসান]

দ্বিতীয় সচিব (মুসক আন্তর্জাতিক সম্পর্ক ও কূটনৈতিক অব্যাহতি)

ফোনঃ ৮৩১৮১২০, এক্সঃ ৩৪৮

ই-মেইলঃ vatpolicy@gmail.com